গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫।
www.napd.gov.bd

**স্মারক নম্বর:** ০৫.৮৮.০০০০.০০০.০০৬.০২.০০০৩.২৫.৪৩৪

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট ২০২৬

বিষয়: **১৫তম পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন আইসিটি (PGDICT) শীর্ষক ০১ (এক) বছর মেয়াদি সান্ধ্যকালীন প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রসঙ্গ।**

বিগত বছরগুলির সাফল্যের ধারাবাহিকতায় জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২৬-২০২৭ অনুযায়ী "Post Graduate Diploma in ICT (PGDICT)" শীর্ষক ০১ (এক) বছর মেয়াদি সান্ধ্যকালীন প্রশিক্ষণ কোর্সের ১৫তম ব্যাচটি ১৯ জুলাই ২০২৬ হতে ১৮ জুলাই ২০২৭ মেয়াদে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। অনিবার্য কারণবশতঃ প্রশিক্ষণ কোর্সটি উল্লিখিত সময়ের পরিবর্তে পরিবর্তিত তারিখ অনুযায়ী আগামী **২০ সেপ্টেম্বর ২০২৬ হতে ২০ সেপ্টেম্বর ২০২৭** মেয়াদে অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে যারা মনোনয়ন পত্র প্রেরণ করেছেন তাদের পুনরায় মনোনয়নপত্র প্রেরণের প্রয়োজন নেই। কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো

কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

| | | |
|---|---|---|
| (১) | প্রশিক্ষণার্থীর পর্যায়: | সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ৯ম গ্রেড ও তদুর্ধ কর্মকর্তাবৃন্দ। |
| (২) | প্রশিক্ষণার্থীর শিক্ষাগত যোগ্যতা: | অন্যূন বিএ/স্নাতক/সমমান। |
| (৩) | কোর্সের সময়সূচী ও মেয়াদ: | সপ্তাহে ০৩ (তিন) দিন। প্রতি রবি, মঙ্গল ও বুধবার সন্ধ্যা ০৬:০০ টা থেকে রাত ০৮:৩০ টা (পরিবর্তনশীল)। ০১ বছর (২০ সেপ্টেম্বর ২০২৬ হতে ২০ সেপ্টেম্বর ২০২৭)। |
| (৪) | কোর্স ফি: | **ভ্যাট ও আয়কর ব্যতিত টাকা ৭৫,০০০/-(পচাত্তর হাজার টাকা মাত্র) কোর্স ফি** "মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি(এনএপিডি), ঢাকা" বরাবরে নগদ অথবা ক্রসড্ চেক এর মাধ্যমে প্রদান করতে হবে। কোর্সে অংশগ্রহণের শর্ত হিসেবে কোর্স শুরুর পূর্বে কোর্স ফি পরিশোধ একান্ত আবশ্যক। |
| (৫) | কোর্সের উদ্দেশ্য: | অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের তথ্য প্রযুক্তি সম্পর্কে সম্যক ধারণা দেয়ার লক্ষ্যে ই-গভার্নেন্স, আইসিটি টুলস, হার্ডওয়ার, সফটওয়ার, ডাটাবেজ, নেটওয়ার্কিং এবং ওয়েব এ্যাপ্লিকেশনসহ সর্বাধুনিক প্রযুক্তি যেমন Cyber Security, 4IR, AI এবং Data Science সম্পর্কে সার্বিক জ্ঞান প্রদান। |
| (৬) | পাঠ্যসূচি: | Module-01: Fundamentals of ICT and Programming Language<br>Module-02: Multimedia System Design<br>Module-03: Networking and Data Communication<br>Module-04: System Analysis and Design (SAD)<br>Module-05: Database Management System & Design<br>Module-06: Advanced Web Technology<br>Module-07: e-Governance, e-Commerce & ICT Project Management<br>Module-08: Emerging Technologies in ICT and Cyber Security<br>Module-09: Software Engineering, Auditing and Quality Management<br>Module-10: Project, Case Studies, Viva Voce & Overall Performance |

| | | |
|---|---|---|
| (৭) | কোর্সের সুবিধাদি: | - শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী কক্ষ;<br>- মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন সিস্টেম;<br>- নেটওয়ার্ক ভিত্তিক কম্পিউটার ল্যাব;<br>- প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য কম্পিউটার (ল্যাব ভিত্তিক ক্লাসের জন্য);<br>- কোর্স ম্যাটেরিয়ালস প্রদান; |
| (৮) | প্রশিক্ষণার্থীর সংখ্যা: | ২৫ জন। |
| (৯) | কোর্সের প্রকৃতি: | কোর্সটি অন-ক্যাম্পাস, অনাবাসিক এবং সান্ধ্যকালীন। |
| (১০) | মনোনয়নের শেষ তারিখ: | ১৪ সেপ্টেম্বর ২০২৬। |
| (১১) | মনোনয়ন প্রেরণ | মহাপরিচালক, এনএপিডি অথবা নিম্নস্বাক্ষরকারীর বরাবর সরাসরি মনোনয়ন প্রেরণ করা যাবে। |
| (১২) | অনলাইনে রেজিস্ট্রেশন: | অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য একাডেমির ওয়েবসাইট www.napd.gov.bd -এ প্রশিক্ষণ সেবাবক্সের **আসন্ন প্রশিক্ষণসমূহ** লিঙ্ক এ ক্লিক করে আসন্ন কোর্সসমূহ টেবিলের সংশ্লিষ্ট কোর্সটি যে সারিতে অবস্থান করছে সেই সারির Registration কলামের "Click Here" বাটনে ক্লিক করে Participant Sign Up করে অথবা পূর্বে Sign Up করা থাকলে Login করে সংশ্লিষ্ট কোর্স এ Registration সম্পন্ন করা যাবে। |
| (১৩) | পাঠ্যক্রমে যোগদান: | মনোনীত কর্মকর্তাগণ চলমান (মডিউল-১)-এ সরাসরি অংশগ্রহণ করতে পারবেন। |
| (১৪) | শিক্ষা সফর: | প্রশিক্ষণ কারিকুলামে শিক্ষা সফর অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত শিক্ষা সফর দেশে অথবা বিদেশে হতে পারে। শিক্ষা সফরটি বিদেশে হলে প্রশিক্ষণার্থীর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অথবা প্রশিক্ষণার্থীরা নিজে শিক্ষা সফরের যাবতীয় ব্যয়ভার বহন করবেন। |

| | | |
|---|---|---|
| (১৫) | 'Post Graduate Diploma in ICT' প্রশিক্ষণ কোর্সে কেন কর্মকর্তাদের মনোনয়ন প্রদান করবেন? | **১. ডিজিটাল দক্ষতায় পেশাগত উৎকর্ষতা অর্জন**<br>প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ আইসিটির মৌলিক ধারণা থেকে শুরু করে প্রোগ্রামিং, ডেটা ব্যবস্থাপনা ও ওয়েব টেকনোলজিতে দক্ষতা অর্জন করবেন। এটি আপনার প্রতিষ্ঠানের কর্মক্ষেত্রে অধিকতর প্রতিযোগিতামূলক ও উৎপাদনশীল পরিবেশ গড়ে তুলতে সহায়ক হবে।<br>**২. আধুনিক প্রযুক্তি ও উদ্ভাবনী সমাধানের ব্যবহার**<br>অংশগ্রহণকারীরা নেটওয়ার্কিং, সাইবার নিরাপত্তা, ই-গভর্নেন্স ও উদীয়মান প্রযুক্তি বিষয়ে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে প্রযুক্তিভিত্তিক সমস্যা সমাধান ও নীতিনির্ধারণে দক্ষ হয়ে উঠবেন।<br>**৩. সরকারি ও বেসরকারি উভয় পর্যায়ে প্রয়োগযোগ্য জ্ঞান**<br>প্রশিক্ষণার্থীরা সরকারি প্রকল্প পরিচালনা, ডেটা বিশ্লেষণ, সিস্টেম ডিজাইন এবং ই-সেবা বাস্তবায়নে তাদের অর্জিত জ্ঞান সরাসরি প্রয়োগ করতে সক্ষম হবেন, যা প্রশাসনিক কার্যক্রমের স্বচ্ছতা ও দক্ষতা বৃদ্ধি করবে।<br>**৪. শীর্ষস্থানীয় সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে মর্যাদাপূর্ণ সনদ**<br>কোর্সটি সফলভাবে সম্পন্ন করে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)-এর স্বীকৃতিপত্র অর্জন করবেন, যা তাদের পেশাগত আত্মবিশ্বাস ও যোগ্যতাকে নতুন উচ্চতায় নিয়ে যাবে।<br>**৫. বাস্তবমুখী ও প্রকল্পভিত্তিক শিক্ষণ পদ্ধতি**<br>অ্যাসাইনমেন্ট, গ্রুপ ওয়ার্ক, কেস স্টাডি এবং ক্যাপস্টোন প্রকল্পের মাধ্যমে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান বাস্তব প্রয়োগের সুযোগ পাওয়া যাবে—এটি বাস্তব সমস্যা সমাধানে তাদের আত্মবিশ্বাসী করে গড়ে তুলবে।<br>**৬. বিশেষজ্ঞ প্রশিক্ষক ও সমৃদ্ধ পাঠ্যসূচি**<br>আইসিটি বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে রচিত ১০টি অত্যাধুনিক মডিউলের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা তথ্যপ্রযুক্তির মৌলিক ও উন্নত বিষয়গুলো ধাপে ধাপে রপ্ত করতে পারবেন।<br>**৭. পেশাজীবীদের জন্য উপযোগী সান্ধ্যকালীন কোর্স**<br>কর্মঘণ্টার পর ক্লাসের সময়সূচি থাকায় কর্মকর্তাদের নিয়মিত দায়িত্ব পালনের সাথে সামঞ্জস্য রেখেই পেশাগত উন্নয়ন সম্ভব হবে।<br>**৮. নেটওয়ার্কিং ও সহযোগিতার সুযোগ**<br>বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীদের সাথে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে একটি শক্তিশালী পেশাগত নেটওয়ার্ক গঠন এবং সমন্বিত উন্নয়নের পরিবেশ সৃষ্টি করা সম্ভব হবে। |

(১৬) উল্লিখিত প্রশিক্ষণ কোর্সে আপনার মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তা মনোনয়ন প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়কারী ও সহকারী প্রোগ্রামার জনাব মোঃ নূরুল আমিন (মোবাইল: ০১৮১৮-৩৫৭৭৮২, ইমেইল: ap@napd.gov.bd) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে **ক্রমিক নং ১২. এর অনলাইনে রেজিষ্ট্রেশন সংক্রান্ত নির্দেশনা** অনুযায়ী কোর্সে Registration সম্পন্ন করা যাবে।

(১৭) উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থলের ঠিকানা | ফোন নম্বর | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|---|

(১৮) মনোনয়ন গ্রহণ সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়নই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৯-০৮-২০২৬
কাজী মোহাম্মদ সালাতুজ্জামান
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন : ০২২২৩৩৬০৩৫৭
ইমেইল : dir.training@napd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল সিনিয়র সচিব ও সচিব।
২। রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা।
৩। বিভাগীয় কমিশনার (সকল)।
৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সকল জেলা)।

**স্মারক নম্বর:** ০৫.৮৮.০০০০.০০০.০০৬.০২.০০০৩.২৫.৪৩৪/১ (১)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

সকল কর্মকর্তা, এনএপিডি।

০৯-০৮-২০২৬
মোঃ নুরুল আমিন
সহকারী প্রোগ্রামার